

AUG 22 2002



তারিখ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০
পৃষ্ঠা ২ কলাম ৬

নীল দলের শিক্ষকদের সঙ্গে উপাচার্যের বৈঠক

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে আগামী সপ্তাহে সিডিকেট সভা ডাকা হতে পারে। বুধবার বিশ্ববিদ্যালয়ের নীল দলের শিক্ষকদের সঙ্গে এক বৈঠকে ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ.ফ.ম ইউনুস হায়দার একথা জানান। বৈঠকে শিক্ষকরা শিক্ষার্থীদের ওপর থেকে মামলা প্রত্যাহার করে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জোর দাবি করেন। শিক্ষকরা উপাচার্যকে বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় ছাত্র-শিক্ষক-কর্মচারীসহ সারা জাতি আজ উবিগ্ন। ভারপ্রাপ্ত উপাচার্য শিক্ষকদের উদ্দেশে বলেন, বিশ্ববিদ্যালয় খোলার জন্য আমি ছাত্র সংগঠন, শিক্ষকবৃন্দসহ বিভিন্ন পরিস্থিতির দিকে আমরা খেয়াল রাখছি, যাতে করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এরকম পরিস্থিতি সৃষ্টি না হয়। তিনি মামলা প্রত্যাহার করার ব্যাপারে আশ্বাস দেন।

নীল দলের অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ, অধ্যাপক আমিনুর রশিদ, অধ্যাপক আ.আ.ম.স আরেফিন সিদ্দিক, ড. হারুন-অর-রশিদ, অধ্যাপক দুর্গাদাস জ্যোতিষ, হাফিজুর রহমানসহ ২৫ জনের মতো শিক্ষক বিকেলে প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত আলোচনায় অংশ নেন। সন্ধ্যায় উপাচার্য ছাত্রদল নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেন। আলোচনাকালে বিশ্ববিদ্যালয় কোষাধ্যক্ষ অধ্যাপক রাশিদুল হাসান, প্রক্টর আতিকুর রহমান উপস্থিত ছিলেন। ছাত্রদল নেতৃবৃন্দের মধ্যে বৈঠকে উপস্থিত ছিলেন ঢা.বি সভাপতি মনির হোসেন, মোস্তাফিজুল ইসলাম মামুন, আনাদুজ্জামান আসাদ প্রমুখ।